দৈনিক ইত্তেফাক

JUL 04 2002
তারিখ ...
পৃষ্ঠা 9 ... কলাম ...

# প্রশ্নপত্রে ভুল প্রসঙ্গে

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষা যেহেতু পুরো দেশে একযোগে অনুষ্ঠিত হয়, তাই প্রশ্নপত্রে ভুল থাকলে তা সংশোধনের কোনো ব্যবস্থা থাকে না। এতে করে অনেক সময় শিক্ষা বোর্ডকে সেই ভুল প্রশ্নে সকলকে নম্বর দেয়ার সিদ্ধান্ত নিতে হয় বা কিছু অযোগ্য ছাত্রকে অতিরিক্ত নম্বর পাইয়ে দেয়। উপরন্তু ভুল প্রশ্ন থাকলে সেটিতে নম্বর আদৌ পাওয়া যাবে কিনা এ নিয়েও অনেকে উৎকণ্ঠায় ভোগে। আমি এবারের এইচএসসি পরীক্ষায় বিজ্ঞান বিভাগ থেকে অংশগ্রহণ করছি। এবারেও পদার্থ বিজ্ঞান প্রথম পত্র প্রশ্নের ৩ নম্বরের (গ) অংশে একটি অংকে এমন তথ্য দেয়া ছিল, যা ব্যবহার করে অঙ্কটি করলে অবাস্তব উত্তর পাওয়া যাবে। তেমনি রসায়ন দ্বিতীয় পত্রের প্রশ্নে ৭ নম্বরের (ক) (I) অংশে এমন একটি যোগের গাঠনিক সংকেত লিখতে বলা হয়েছে (ও-পেন্টিন) যা একটি ভুল নামকরণ। ফলে স্বভাবতই একটু উৎকণ্ঠায় আছি, কেননা যারা প্রশ্নগুলো উত্তর করেনি (প্রশ্নগুলোর বিকল্প রয়েছে) তারা তো পূর্ণ নম্বরই পাবে। উল্লিখিত প্রশ্নগুলোর সঠিকতা যাচাই করে শিক্ষা বোর্ডকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের আবেদন জানাচ্ছি।

প্রতি বছরই এরূপ প্রশ্নপত্রে ভুল কোনোমতেই গ্রহণযোগ্য নয়। তাই শিক্ষা বোর্ডকে অনুরোধ জানাচ্ছি, যে কোনো বিষয়ের প্রশ্নপত্র ছাপার আগে যেন তা ভালো করে যাচাই করা হয়। নতুবা ভালো ফলাফলের প্রত্যাশীদের অনর্থক উৎকণ্ঠায় ভুগতে হয়।

শাহরিয়ার ইকবাল,
নটরডেম কলেজ, ঢাকা।